

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের 'ই-গভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি – মার্চ ২০২২) পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	: ড. সরদার নাসির উদ্দিন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।
সভার তারিখ	: ২৫ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ রোজ মঙ্গলবার।
সময়	: সকাল ১১:০০ ঘটিকা।
সভার স্থান	: হারবেরিয়াম লাইব্রেরী, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।
সভায় উপস্থিতি	: পরিশিষ্ট- "ক"

উপস্থাপনাঃ

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এ পর্যায়ে তিনি বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের 'ই-গভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করান জন্য ইনোভেশন কমিটির ফোকাল পয়েন্ট প্রোগ্রামার জনাব মোহাম্মদ রাশেদুল হাকিমকে অনুরোধ জানান। প্রোগ্রামার জনাব মোহাম্মদ রাশেদুল হাকিম পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে মার্চ ২০২২ পর্যন্ত 'ই-গভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন' উপস্থাপন করেন।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	সূচকের মান	লক্ষ্যমাত্রা	অর্জন (জানুয়ারি -মার্চ ২০২২)
১	২	৩	৪	৫	৬
[১.১] উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	[১.১.১] একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত	তারিখ	৫	১৬/০৩/২০২২	০১/১২/২০২১
[১.২] সেবা সহজীকরণ	[১.২.১] একটি সেবা সহজীকৃত	তারিখ	৫	২৫/০২/২০২২	০১/১২/২০২১
[১.৩] সেবা ডিজিটাইজেশন	[১.৩.১] ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত	তারিখ	৫	৩০/১২/২০২২	০১/১২/২০২১
[১.৪] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা	[১.৪.১] সভা আয়োজিত	তারিখ	৪	৩০/০৮/২০২১	২৯/০৮/২০২১
[১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধি	[১.৫.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত	%	৬	৮০%	৮০%
[১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন	[১.৬.১] সভা/কর্মশালা আয়োজিত	সংখ্যা	৪	৪	২টি


কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	সূচকের মান	লক্ষ্যমাত্রা	অর্জন (জানুয়ারি -মার্চ ২০২২)
১	২	৩	৪	৫	৬
[২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ	[২.১.১] তথ্য বাতায়নে সকল সেবা বন্ধ হালনাগাদকৃত	সংখ্যা	৪	৪	১টি
	[২.১.২] বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত	সংখ্যা	২	৪	১টি
[২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত	সংখ্যা	৩	৪	২টি
	[২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত	%	৩	৮০%	-
	[২.২.৩] কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত	সংখ্যা	৩	৪	২টি
	[২.২.৪] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রীপরিষদ বিভাগে/উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত	তারিখ	৩	১৩/০১/২০২২	১২/০১/২০২২
	[২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত নূন্যতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত	সংখ্যা	৩	৩০/৫/২০২২	-

হারবেরিয়ামের 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি মার্চ ২০২২ নাগাদ অধিকাংশ কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন হয়েছে বলে প্রোগ্রামার সভাকে জানান এবং অদ্য সভার পরবর্তী কার্যদিবসে অর্থাৎ ২৬ শে এপ্রিল ২০২২ তারিখে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ১ (এক) দিনের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে যার বিজ্ঞপ্তি ২০ এপ্রিল ২০২২ তারিখে পরিচালক মহোদয়ের নির্দেশক্রমে জারী করা হয় বলে সভাকে অবহিত করেন। তিনি আরো জানান, হারবেরিয়ামের প্রশিক্ষণ ব্যয় ও জনবল সীমিত হওয়ায় এপিএ বাস্তবায়নে ধার্যকৃত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনে একই প্রশিক্ষণ কর্মশালার প্রশিক্ষণ সূচীতে এপিএ আওতাধীন একাধিক বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে।

২.০ আলোচনা

আলোচনা ও পর্যালোচনার শুরুতে সভাপতি মহোদয় হারবেরিয়ামের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে সম্ভাব্য করণীয় সম্পর্কে উপস্থিত সকলের মতামত আহ্বান করেন। উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করেন। 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়নের অগ্রগতি মোটামুটি সন্তোষজনক বলে সকলে একমত পোষণ করেন। সভাপতি 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়নে কর্মসম্পাদন সূচকের যে সকল কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন হয়নি তা যথাসময়ে সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন।


১



৩.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তগুলো গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত নং	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
৩.১	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী অসমাপ্ত প্রশিক্ষণ যথাসময়ে আয়োজন করা।	প্রোগ্রামার
৩.২	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ অবশিষ্ট সভা/কর্মশালা যথাসময়ে আয়োজন করা।	প্রোগ্রামার
৩.৩	দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের ব্যবস্থা নেওয়া।	প্রোগ্রামার

৪.০ পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


২৫.০৪.২০২২

ড. সরদার নাসির উদ্দিন
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম